



# আন্তর্জাতিক শিক্ষার্থী ও গ্রাজুয়েট

শিক্ষার্থী (সাবক্লাস 500) ভিসাধারীদের জন্য তথ্য

## ভিসার আবেদন ফি ফেরত

যেসকল শিক্ষার্থী ভিসাধারী 19 জানুয়ারি 2022 থেকে 19 মার্চ 2022 তারিখের মধ্যে অস্ট্রেলিয়ায় এসেছেন তারা তাদের ভিসা আবেদনের ফি ফেরত পাওয়ার যোগ্য হতে পারেন। আরও তথ্যের জন্য, [ফি ফেরত পাওয়া দেখুন](#)।

## অস্ট্রেলিয়া ত্যাগ করা

আপনি যদি অস্ট্রেলিয়া ত্যাগ করে পুনরায় অস্ট্রেলিয়ায় প্রবেশ করার পরিকল্পনা করেন, তবে আপনাকে যেসকল বিষয় পরিপালন করতে হবে অস্ট্রেলিয়া ত্যাগ করার আগেই সেগুলো দেখে নিন।

## অস্ট্রেলিয়ায় ফিরে আসা

আপনি যদি কোভিড-19-এর কারণে অস্ট্রেলিয়া ত্যাগ করে থাকেন এবং আপনার পড়াশোনা চালিয়ে যেতে ফিরে আসতে চান, তবে আপনি ব্রিজিং ভিসা A-এর জন্য উপযুক্ত হতে পারেন।

আপনি অস্ট্রেলিয়ায় ফিরে আসার পরে ব্রিজিং ভিসা A-এর জন্য আবেদন করতে পারেন, যদি আপনি:

- একটি কার্যকর শিক্ষার্থী ভিসাধারী হন
- কোভিড-19-এর প্রভাবের কারণে আপনার ভিসার প্রকৃত মেয়াদ আপনার কোর্স সম্পন্ন করার পূর্বেই শেষ হয়ে যাবার কথা থাকে
- আপনি আপনার বর্তমান শিক্ষার্থী ভিসা ব্যবহার করেই পূর্বে অস্ট্রেলিয়ায় ভ্রমণ করে থাকেন
- অস্ট্রেলিয়ার বাইরে থেকে একটি নতুন শিক্ষার্থী ভিসার জন্য আবেদন করে থাকেন যার সিদ্ধান্ত এখনও নেওয়া হয়নি।

আপনি [ImmiAccount](#)-এ লগইন করে অনলাইনে অস্ট্রেলিয়ায় আবেদন করতে পারবেন।